

যে কটা দিন লিরিক্স:-

যে কটা দিন তুমি ছিলে পাশে
কেটেছিল নৌকার পালে চোখ রেখে,
যে কটা দিন তুমি ছিলে পাশে
কেটেছিল নৌকার পালে চোখ রেখে,
আমার চোখে ঠোঁটে গালে তুমি লেগে আছো,
আমার চোখে ঠোঁটে গালে তুমি লেগে আছো।

যেটুকু রোদ ছিল লুকনো মেঘ
দিয়ে বুনি তোমার শালে ভালবাসা,
আমার আঙ্গুল হাতে কাঁধে তুমি লেগে আছো,
আমার আঙ্গুল হাতে কাঁধে তুমি লেগে আছো।

তোমার নখের ডগায় তীব্র প্রেমের মানে
আমিও গল্প সাজাই তোমার কানে কানে,
তাকিয়ে থাকি হাজার পর্দা ওড়া বিকেল
শহর দুমড়ে মুচড়ে থাকুক অন্যদিকে,
ট্রাফিকের এই ক্যাকোফোনি,
আমাদের স্বপ্ন চুষে খায়।

যেভাবে জলদি হাত মেখেছে ভাত
নতুন আলুর খোসা আর এই ভালবাসা,
আমার দেয়াল-ঘড়ি কাঁটায় তুমি লেগে আছো
আমার দেয়াল-ঘড়ি কাঁটায় তুমি লেগে আছো।

যেমন জড়িয়েছিলে ঘুম ঘুম বরফ মাসে
আমিও খুঁজি তোমায় আমার আশেপাশে,
আবার সন্ধ্য বেলা ফিরে যাওয়া জাহাজ বাঁশি
বুকে পাথর রাখা আর মুখে রাখা হাসি,
যে যার নিজের দেশে,
আমরা স্নোত কুড়োতে যাই।

যেভাবে জলদি হাত মেখেছে ভাত,
নতুন আলুর খোসা আর এই ভালবাসা।
যেভাবে জলদি হাত মেখেছে ভাত,
নতুন আলুর খোসা আর এই ভালবাসা।
আমার দেয়াল-ঘড়ি কাঁটায় তুমি লেগে আছো
আমার দেয়ালঘড়ি কাঁটায় তুমি লেগে আছো।

যে কটা দিন তুমি ছিলে পাশে
কেটেছিল নৌকার পালে চোখ রেখে,
আমার চোখে ঠোঁটে গালে তুমি লেগে আছো,
আমার আঙুল হাতে কাঁধে তুমি লেগে আছো,
তোমার চোখে ঠোঁটে গালে আমি লেগে আছি
তোমার আঙুল হাতে কাঁধে আমি লেগে আছি।
আমার চোখে ঠোঁটে গালে তুমি লেগে আছো,
আমার আঙুল হাতে কাঁধে তুমি লেগে আছো।